



৫ম আবৃত্তি উৎসব ২০২৪ অনুষ্ঠিত



৭ ফেব্রুয়ারি ২০২৪-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ‘উচ্চারণে খুলি মগজের দুয়ার’ স্লোগানকে সামনে রেখে ৫ম আবৃত্তি উৎসব উপলক্ষে আবৃত্তি প্রযোজনা, কবি সম্মাননা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “সাংস্কৃতিক চর্চা আমাদের মেধা ও মননকে বিকাশ করে, বাঙালি জাতীয়তাবাদকে উদ্ভুদ্ধ করে এবং বাংলাদেশের যে বহুমাত্রিকতা আছে এই বহুমাত্রিকতাকে সামনে নিয়ে আসে।”

তিনি আরো বলেন, “পাঠককে জানতে হবে কার কবিতা পড়ছি এবং সেই কবিতা জীবনের কথা, সামাজিক বৈষম্যের কথা, নারী পুরুষের মাঝে বৈষম্যের কথা ও অসম্প্রদায়িক বাংলাদেশের কথা কতটুকু বলছে।”

তিনি আরো বলেন, “আমরা ছয় ঋতুর কথা বলি, কিন্তু এখন আর ছয় ঋতু নেই। খুব দ্রুত ঋতু পরিবর্তন হয়ে যাচ্ছে। এখন দুই ঋতুর দেশ হয়ে গেছে। এখন দুই ঋতুর মধ্যে অন্য ঋতুগুলোকে নিয়ে এসে আমরা আলোকিত করার চেষ্টা করি, উজ্জীবিত হওয়ার চেষ্টা করি।”



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিশেষ অতিথি হিসেবে ছিলেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মহিউদ্দীন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আবৃত্তি সংসদের ব্যবস্থাপনা উপদেষ্টা কামরুল ইসলাম জুয়েল ও শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন আবৃত্তি সংসদের শিক্ষা-প্রশিক্ষণ উপদেষ্টা কে. এম. সুজাউদ্দিন।

এবারের অনুষ্ঠানে কবি সন্মাননার জন্য বাংলা একাডেমির মহাপরিচালক জাতিসত্ত্বার কবিখ্যাত মুহাম্মদ নূরুল হুদা-কে নির্বাচিত করা হয়। অনুষ্ঠানে আমন্ত্রিত সংগঠনের বিভিন্ন পরিবেশনা অনুষ্ঠিত হয়।

এছাড়াও অনুষ্ঠানে বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় আবৃত্তি প্রতিযোগিতা ২০২৩ এবং মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত আবৃত্তি প্রতিযোগিতা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের ১৯তম আবৃত্তি ও উপস্থাপনা কর্মশালার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।